তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা ২ ৪ কলাম ১

যুগান্তর

ব্রাহ্মণবাড়িয়ায় আইনমন্ত্রী

# স্কুলশিক্ষক লাঞ্ছনার বিচার হবে

**ব্রাহ্মণবাড়িয়া ও আখাউড়া প্রতিনিধি**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, স্কুলশিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনাসহ দেশব্যাপী যত অন্যায় হয়েছে, তার সব কটির বিচার হবে। বৃহস্পতিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর এলাকার আখাউড়া শুল্ক স্টেশনে এলাকায় নবনির্মিত 'বেলাজিও ডিউটি ফ্রি শপ'র উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এর আগে তিনি ওই স্থানে এক সুধী সমাবেশে বক্তৃতা করেন।

এ সময় গ্যালাক্সি গ্রুপের চেয়ারম্যান তৌফিক উদ্দিন আহমেদের সভাপতিত্বে ও সাংবাদিক শরীফুল ইসলামের পরিচালনায় বক্তব্য রাখেন সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলাম প্রমুখ।